

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৫, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১১ ফাল্গুন ১৪১৬ বঙ্গাব্দ/২৩ ফেব্রুয়ারি ২০১০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৫২-আইন/২০১০।—যেহেতু বাংলাদেশে প্রচলিত Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এবং Swiss Confederation এ প্রচলিত এতদনুক্রান্ত আইনের অধীনে দ্বৈত করারোপণ পরিহার এবং আয়ের উপর কর সম্পর্কিত রাজস্ব ফাঁকি প্রতিরোধের উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং সুইজারল্যান্ড সরকারের মধ্যে ১০ ডিসেম্বর, ২০০৭ তারিখে নিম্ন তফসিলে বর্ণিত চুক্তি, অতঃপর এই প্রজ্ঞাপনের উক্ত চুক্তি বলিয়া উল্লিখিত, সম্পাদিত হইয়াছে এবং ১৩ ডিসেম্বর, ২০০৯ তারিখে উক্ত চুক্তির Protocol on Exchange of Instruments of Ratification স্বাক্ষরিত হইয়াছে; এবং

যেহেতু উক্ত চুক্তির বিধানাবলী বাংলাদেশে কার্যকর করা প্রয়োজন;

সেহেতু Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 144 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ প্রদান করিল যে, উক্ত চুক্তির (ইংরেজী ও বাংলা পাঠ) বিধানাবলী বাংলাদেশে কার্যকর হইবে, যথাঃ—

তফসিল

চুক্তি

(বাংলা পাঠ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

এবং

সুইস কনফেডারেশন

এর মধ্যে

আয়করের উপর দ্বৈত করারোপণ পরিহার সংক্রান্ত চুক্তি

আয়করের উপর দ্বৈত করারোপণ পরিহার সংক্রান্ত চুক্তি সম্পাদনের অভিপ্রায়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং দি সুইস ফেডারেল কাউন্সিল,

নিম্নরূপ সম্মত হইলেনঃ

অনুচ্ছেদ-১

চুক্তির আওতাভুক্ত ব্যক্তিবর্গ

চুক্তি সম্পাদনকারী এক অথবা উভয় রাষ্ট্রের নিবাসী ব্যক্তিদের প্রতি এই চুক্তি প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ-২

চুক্তির আওতাধীন করসমূহ

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্র অথবা উহার রাজনৈতিক বিভাগসমূহ অথবা স্থানীয় কর্তৃপক্ষের আরোপিত আয়করের ক্ষেত্রে, উহা যেভাবেই ধার্যকৃত হউক না কেন, এই চুক্তি প্রযোজ্য হইবে।

২। আয়কর বলিতে মোট আয় অথবা স্থাবর ও অস্থাবর সম্পত্তি হস্তান্তর হইতে উদ্ভূত আয়সহ আয়ের যে কোন অংশের উপর আরোপিত করকে বুঝাইবে।

৩। এ চুক্তি যে সকল করের ক্ষেত্রে প্রযোজ্য সেইগুলি নিম্নরূপ, যথা—

(ক) বাংলাদেশের ক্ষেত্রেঃ

আয়কর, অতঃপর “বাংলাদেশ কর” বলিয়া উল্লিখিত।

(খ) সুইজারল্যান্ডের ক্ষেত্রে :

আয় (মোট আয়, অর্জিত আয়, মূলধন হইতে আয়, শিল্প ও বাণিজ্য হইতে মুনাফা, মূলধনী লাভ এবং আয়ের অন্যান্য উপাদান) এর উপর ফেডারেল, ক্যানটোনাল এবং কম্যুনাল কর, অতঃপর "সুইস কর" বলিয়া উল্লিখিত।

৪। চুক্তি স্বাক্ষরিত হওয়ার পর বিদ্যমান করসমূহের অতিরিক্ত কিংবা উহাদের পরিবর্তে আরোপিত কোন অভিন্ন বা মূলতঃ একই ধরনের করসমূহের ক্ষেত্রেও এই চুক্তি প্রযোজ্য হইবে। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রদ্বয়ের উপযুক্ত কর্তৃপক্ষগণ তাহাদের নিজ নিজ কর আইনে আনীত গুরুত্বপূর্ণ পরিবর্তন সম্পর্কে পরস্পরকে অবহিত করিবেন।

অনুচ্ছেদ-৩

সাধারণ সংজ্ঞাসমূহ

১। প্রসংগের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, এই চুক্তির উদ্দেশ্যে :

- (ক) "বাংলাদেশ" বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশকে বুঝাইবে;
- (খ) "সুইজারল্যান্ড" বলিতে সুইস কনফেডারেশনকে বুঝাইবে;
- (গ) "চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্র" এবং "চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র" এর অর্থ প্রসংগ অনুযায়ী বাংলাদেশ অথবা সুইজারল্যান্ড;
- (ঘ) "ব্যক্তি" বলিতে কোন একক ব্যক্তি, কোম্পানী এবং অন্য কোন ব্যক্তিবর্গ অন্তর্ভুক্ত হইবে;
- (ঙ) "কোম্পানী" বলিতে সংবিধিবদ্ধ কোন সংস্থা অথবা করারোপণের উদ্দেশ্যে সংস্থারূপে গণ্য অন্য কোন সত্তাকে বুঝাইবে;
- (চ) "চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের উদ্যোগ" এবং "চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের উদ্যোগ" বলিতে যথাক্রমে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসী কর্তৃক পরিচালিত উদ্যোগ এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসী কর্তৃক পরিচালিত উদ্যোগকে বুঝাইবে;
- (ছ) "উপযুক্ত কর্তৃপক্ষ" এর অর্থ :
 - (১) বাংলাদেশের ক্ষেত্রে, জাতীয় রাজস্ব বোর্ড বা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত প্রতিনিধি;
 - (২) সুইজারল্যান্ডের ক্ষেত্রে, ফেডারেল ট্যাক্স এ্যাডমিনিস্ট্রেশন এর পরিচালক অথবা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত প্রতিনিধি;

(জ) “নাগরিক” অর্থ :

- (১) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নাগরিকত্বধারী যে কোন ব্যক্তি;
 - (২) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে বলবৎ আইন বলে অর্জিত মর্যাদা সম্পন্ন যে কোন আইনানুগ ব্যক্তি, অংশীদারিত্ব ও সংঘ;
- (ঝ) “আন্তর্জাতিক পরিবহন ব্যবস্থা” বলিতে কোন উদ্যোগ কর্তৃক পরিচালিত কোন নৌ-পরিবহন অথবা বিমান পরিবহনকে বুঝাইবে যাহার কার্যকর ব্যবস্থাপনার স্থান চুক্তি সম্পাদনকারী কোন এক রাষ্ট্রে অবস্থিত, তবে কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের বিভিন্ন স্থানের মধ্যে পরিচালিত নৌ-পরিবহন অথবা বিমান পরিবহনকে বুঝাইবে না;

২। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র কর্তৃক এই চুক্তি প্রয়োগের ক্ষেত্রে, প্রসংগের প্রয়োজনে অন্যরূপ না হইলে এই চুক্তিতে যে শব্দের কোন সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই শব্দ উক্ত রাষ্ট্রের কর আইন অনুযায়ী এই চুক্তির ক্ষেত্রে প্রযোজ্য অর্থ বহন করবে এবং রাষ্ট্রে বিদ্যমান কর আইন অনুসারে কোন শব্দের অর্থ রাষ্ট্রের অন্য কোন আইনে প্রদত্ত অর্থের উপর বলবৎ থাকিবে।

অনুচ্ছেদ-৪

নিবাসী

১। এই চুক্তির উদ্দেশ্যে “চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী” বলিতে এইরূপ কোন ব্যক্তি বুঝাইবে যিনি সেই রাষ্ট্রের আইন অনুযায়ী তাহার বাসস্থান, আবাস ভূমি, ব্যবস্থাপনার স্থান অথবা অনুরূপ প্রকৃতির অন্য কোন নীতির কারণে উক্ত রাষ্ট্র বা ইহার ভৌগলিক বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষের দ্বারা করারোপণযোগ্য। তবে, এই শব্দ ওচ্ছেদের অর্থের মধ্যে কোন ব্যক্তি যিনি শুধুমাত্র সেই রাষ্ট্রের উৎসসমূহ হইতে আয়ের উপর সেই রাষ্ট্রে করযোগ্য অন্তর্ভুক্ত হইবেন না।

২। যে ক্ষেত্রে এই অনুচ্ছেদের দফা ১ এর বিধানাবলীর কারণে কোন একক ব্যক্তি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হন, সেই ক্ষেত্রে নিম্নলিখিতভাবে তাহার মর্যাদা নির্ধারিত হইবে:

- (ক) চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে তাহার নিজের ব্যবহারের জন্য স্থায়ী বাড়ী রহিয়াছে তিনি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন, যদি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তাহার নিজের ব্যবহারের জন্য স্থায়ী বাড়ী থাকে তাহা হইলে চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের সহিত তাহার ব্যক্তিগত ও অর্থনৈতিক সম্পর্ক (অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের কেন্দ্র) ঘনিষ্ঠতর তিনি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন।

- (খ) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে তাহার অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের উৎস রহিয়াছে তাহা নির্ণয় করা সম্ভব না হইলে অথবা চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রেই তাহার নিজের ব্যবহারের জন্য স্থায়ী বাড়ী না থাকিলে, চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে সচরাচর বসবাস করিয়া থাকেন তিনি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন।
- (গ) যদি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রেই তিনি সচরাচর বসবাস করেন অথবা উহাদের কোনটিতেই যদি তিনি বসবাস না করেন, তাহা হইলে তিনি চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নাগরিক সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন।
- (ঘ) যদি তিনি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নাগরিক হন অথবা উহাদের কোনটিরই নাগরিক না হন, তাহা হইলে চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রদ্বয়ের উপযুক্ত কর্তৃপক্ষগণ পারস্পরিক সম্মতিক্রমে বিষয়টির মীমাংসা করিবেন।

৩। যে ক্ষেত্রে দফা ১ এর বিধানাবলীর কারণে, একক ব্যক্তি ব্যতীত কোন ব্যক্তি চুক্তি সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হন, সেই ক্ষেত্রে উক্ত ব্যক্তি সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন যে রাষ্ট্রে তাহার কার্যকরী ব্যবস্থাপনার ক্ষেত্র অবস্থিত।

অনুচ্ছেদ-৫

স্থায়ী প্রতিষ্ঠান

১। এই চুক্তির উদ্দেশ্যসমূহ পূরণকল্পে “স্থায়ী প্রতিষ্ঠান” বলিতে ব্যবসার সেইরূপ নির্দিষ্ট স্থানকে বুঝাইবে যে স্থানে উক্ত উদ্যোগের কারবার সামগ্রিকভাবে বা আংশিকভাবে পরিচালিত হয়।

২। “স্থায়ী প্রতিষ্ঠান” বলিতে বিশেষভাবে নিম্নলিখিতগুলি ইহার অন্তর্ভুক্ত হইবে :

- (ক) ব্যবস্থাপনার স্থান;
- (খ) শাখা;
- (গ) অফিস;
- (ঘ) কারখানা;
- (ঙ) কর্ম-শিবির;
- (চ) পণ্যাগার, যাহা অন্যদের মালামাল ওদামজাত করার সুবিধার্থে ব্যবহার করিতে দেওয়া হয়; এবং
- (ছ) খনি, তৈল অথবা গ্যাসকূপ, ভূগর্ভস্থ খাদ অথবা প্রাকৃতিক সম্পদ আহরণের জন্য অন্য কোন স্থান।

৩। অট্টালিকা নির্মাণ স্থান বা নির্মাণ, স্থাপন বা সংযোজন প্রকল্প স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে গণ্য হইবে যদি ইহা ১৮৩ দিনের অধিককাল ধরিয়া চলিতে থাকে;

৪। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলী সত্ত্বেও নিম্নবর্ণিত বিষয়সমূহ “স্থায়ী প্রতিষ্ঠান” এর অন্তর্ভুক্ত হইবে না :

- (ক) উদ্যোগের মালিকানাধীন দ্রব্য বা পণ্যসামগ্রী শুধুমাত্র গুদামজাতকরণ, প্রদর্শন বা সরবরাহের উদ্দেশ্যে সুবিধাদির ব্যবহার;
- (খ) কেবলমাত্র মওজুদকরণ, প্রদর্শন বা সরবরাহের উদ্দেশ্যে উদ্যোগের মালিকানাধীন মওজুদ দ্রব্য বা পণ্য সামগ্রী সংরক্ষণ;
- (গ) উদ্যোগের মালিকানাধীন মওজুদ দ্রব্য বা পণ্যসামগ্রী কেবলমাত্র অন্য কোন উদ্যোগ কর্তৃক প্রক্রিয়াজাতকরণের জন্য রক্ষণাবেক্ষণ;
- (ঘ) উদ্যোগের জন্য কেবলমাত্র দ্রব্য বা পণ্য সামগ্রী ক্রয় করার উদ্দেশ্যে কিংবা তথ্য সংগ্রহের নিমিত্তে ব্যবসার নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ;
- (ঙ) বিজ্ঞাপন কার্যক্রম, তথ্য সরবরাহ, বৈজ্ঞানিক গবেষণা অথবা প্রস্তুতিমূলক বা সহায়ক ধরণের এরূপ অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য ব্যবসার নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ;
- (চ) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগের উৎপাদিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশ সরবরাহের জন্য চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে উক্ত উদ্যোগ কর্তৃক পরিচালিত কোন স্থাপন বা সংযোজন প্রকল্প;
- (ছ) উপ-দফা (ক) হইতে (চ) তে বর্ণিত কার্যক্রমের যে কোন রকমের একত্রিত কার্যক্রমের জন্য ব্যবসার নির্দিষ্ট স্থান রক্ষণাবেক্ষণ, তবে শর্ত থাকে যে একত্রিত কার্যক্রমের ফলে ব্যবসার নির্দিষ্ট স্থানের সার্বিক কার্যক্রম যেন প্রস্তুতিমূলক অথবা সহায়ক ধরণের হয়।

৫। দফা ১ এবং ২ এ যাহাই বর্ণিত থাকুক না কেন, যে ক্ষেত্রে কোন ব্যক্তি-স্বতন্ত্র মর্যাদা সম্পন্ন কোন এজেন্ট যাহার প্রতি দফা ৬ প্রযোজ্য ব্যতীত-কোন উদ্যোগের পক্ষে কাজ করেন এবং চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে উক্ত উদ্যোগের নামে চুক্তি সম্পাদনের অধিকার রাখেন এবং তাহা অভ্যাসগতভাবে ব্যবহার করেন, সেই ক্ষেত্রে উক্ত ব্যক্তি উদ্যোগটির জন্য যে সকল কার্যক্রম সম্পাদন করেন তজ্জন্য চুক্তি সম্পাদনকারী ঐ রাষ্ট্রে উদ্যোগটির একটি স্থায়ী প্রতিষ্ঠান আছে বলিয়া গণ্য হইবে, যদি না ঐ ব্যক্তির কার্যক্রম দফা-৪ এ উল্লিখিত কার্যক্রমসমূহের মধ্যে সীমাবদ্ধ থাকে, যদি সে কার্যক্রম ব্যবসার নির্দিষ্ট স্থানের মাধ্যমে পরিচালিত হয় তবে ব্যবসার এই নির্দিষ্ট স্থান ঐ দফার বিধানাবলীর মাধ্যমে স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হইবে না।

৬। কোন উদ্যোগ যদি চুক্তি সম্পাদনকারী একটি রাষ্ট্রে উহার কোন দালাল, সাধারণ কমিশন এজেন্ট অথবা স্বাধীন মর্যাদাসম্পন্ন কোন মধ্যস্থতাকারীর মাধ্যমে ব্যবসা পরিচালনা করে এবং যদি উক্ত ব্যক্তিগণ তাহাদের সাধারণ ব্যবসা পরিচালনায় কার্যরত থাকেন, তবে কেবলমাত্র সেই কারণে উক্ত উদ্যোগের চুক্তি সম্পাদনকারী ঐ রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান রহিয়াছে বলিয়া গণ্য হইবে না।

৭। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী একটি কোম্পানী যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী একটি কোম্পানীকে নিয়ন্ত্রণ করে বা উহার দ্বারা নিয়ন্ত্রিত হয় অথবা অপর রাষ্ট্রে ব্যবসা পরিচালনা করে, স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে বা অন্য কোনভাবে, তাহা হইলে উক্ত কোন কোম্পানীই অপর কোম্পানীর স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হইবে না।

অনুচ্ছেদ-৬

স্বাবর সম্পত্তি হইতে আয়

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত স্বাবর সম্পত্তি, কৃষি বা বৃক্ষরোপণ থেকে অর্জিত আয় অন্তর্ভুক্ত, হইতে প্রাপ্ত আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্বাবর সম্পত্তি অবস্থিত সেই রাষ্ট্রের আইন অনুসারে “স্বাবর সম্পত্তি” যে অর্থে ব্যবহৃত হয়েছে সেই অর্থ বহন করিবে। যে কোন ক্ষেত্রেই “স্বাবর সম্পত্তি” বলিতে স্বাবর সম্পত্তির আনুষংগিক সকল সম্পত্তি, গবাদি পশু, কৃষি ও বৃক্ষরোপনে ব্যবহৃত সরঞ্জামাদি, ভূ-সম্পত্তি সংক্রান্ত অধিকারের ক্ষেত্রে সাধারণ আইনের বিধানাবলী প্রযোজ্য এইরূপ অধিকার, অন্যের স্বাবর সম্পত্তি ভোগের অধিকার এবং কাজের বিনিময়ে পরিবর্তনশীল বা নির্ধারিত পরিমাণ প্রাপ্তির অধিকার এবং খনি, উৎসসমূহ ও অন্যান্য প্রাকৃতিক সম্পদ অন্তর্ভুক্ত হইবে। জাহাজ এবং উড়োজাহাজ স্বাবর সম্পত্তিরূপে গণ্য হইবে না।

৩। দফা ১ এর বিধানসমূহ স্বাবর সম্পত্তির সরাসরি ব্যবহার, ভাড়া প্রদান বা অন্য যে কোন উপায়ে ব্যবহার বাবদ প্রাপ্ত আয়ের উপর প্রযোজ্য হইবে।

৪। দফা ১ ও ৩ এর বিধানসমূহ কোন উদ্যোগের স্বাবর সম্পত্তির আয় এবং স্বতন্ত্রভাবে ব্যক্তিগত কর্মে ব্যবহৃত স্বাবর সম্পত্তির আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ-৭

ব্যবসায়ের মুনাফা

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগের মুনাফা কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে যদি উক্ত উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ীভাবে প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানের মাধ্যমে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে ব্যবসা পরিচালনা না করে। যদি উক্ত উদ্যোগ উপরিউক্তভাবে ব্যবসা পরিচালনা করে তাহা হইলে উক্ত উদ্যোগের মুনাফা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে, তবে কেবলমাত্র উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপনীয় মুনাফাই করযোগ্য হইবে।

২। দফা ৩ এর বিধানাবলী সাপেক্ষে, যে ক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ীভাবে প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানের মাধ্যমে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে ব্যবসা পরিচালনা করে, সেক্ষেত্রে যদি উহা স্বতন্ত্র ও পৃথক ব্যবসায় প্রতিষ্ঠান হিসাবে নিয়োজিত থাকিয়া একই বা অনুরূপ শর্তানুসারে একই বা অনুরূপ কার্যাবলী পরিচালনা করিত এবং যদি উহা যে উদ্যোগের স্থায়ী প্রতিষ্ঠান উহার সহিত সম্পূর্ণ স্বতন্ত্রভাবে লেনদেন করিত তাহা হইলে উহার যে পরিমাণ মুনাফা অর্জিত হইত বলিয়া অভিপ্রেত হয়, চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রে উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের সেই পরিমাণ মুনাফা অর্জিত হইয়াছে বলিয়া ধরিয়া লওয়া যাইবে।

৩। কোন স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা নির্ধারণে, নির্বাহী ও সাধারণ প্রশাসনিক ব্যয়সহ স্থায়ী প্রতিষ্ঠানের ব্যবসা পরিচালনার জন্য স্থায়ী প্রতিষ্ঠান যে রাষ্ট্রে অবস্থিত সে রাষ্ট্রে বা অন্য কোথায়ও ব্যয়িত খরচ কর্তন হিসাবে গৃহীত হইবে।

৪। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের প্রথানুযায়ী কোন স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপণীয় মুনাফা উহার উদ্যোগের বিভিন্ন অংশের মধ্যে সামগ্রিক মুনাফা বন্টনের ভিত্তিতে নির্ধারণের ক্ষেত্রে, দফা ২ এর কোন কিছুই চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের প্রথানুযায়ী বন্টনের ভিত্তিতে করযোগ্য মুনাফা নির্ধারণে বাধা প্রদান করিবে না, তবে গৃহীত উক্ত বন্টন রীতি এমন হইতে হইবে যে, ইহার ফল এই অনুচ্ছেদে বর্ণিত নীতিমালার সহিত সংগতিপূর্ণ হইবে।

৫। কোন স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক উহার উদ্যোগ এর জন্য দ্রব্য অপবা পণ্যসামগ্রী ক্রয় করা হয়, কেবলমাত্র এই কারণেই উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা হয় বলিয়া ধরিয়া লওয়া যাইবে না।

৬। পূর্ববর্তী দফাসমূহের উদ্দেশ্য সাধনকল্পে, স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপণীয় মুনাফা, বিপরীতে সঠিক ও পর্যাপ্ত কারণ না থাকিলে, প্রতি বৎসর একই পদ্ধতিতে নির্ধারণ করা হইবে।

৭। যে ক্ষেত্রে মুনাফার মধ্যে এইরূপ আয় অন্তর্ভুক্ত থাকে যাহা সম্পর্কে এই চুক্তির অন্যান্য অনুচ্ছেদে পৃথকভাবে ব্যবস্থা গৃহীত হইয়াছে সেইক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলী দ্বারা ঐ সকল অনুচ্ছেদের বিধানাবলী লংঘিত হইবে না।

অনুচ্ছেদ-৮

জাহাজ ও বিমান পরিবহন

১। আন্তর্জাতিক পরিবহন ক্ষেত্রে বিমান পরিচালনা বাবদ প্রাপ্ত মুনাফা কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রে করযোগ্য হইবে যে রাষ্ট্রে উক্ত উদ্যোগের কার্যকর ব্যবস্থাপনার স্থান অবস্থিত।

২। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে মুনাফা উদ্ভূত হইলে এবং উহা যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কার্যকর ব্যবস্থাপনার স্থান অবস্থিত এইরূপ কোন উদ্যোগের আন্তর্জাতিক পরিবহন ক্ষেত্রে জাহাজ পরিচালনা বাবদ অর্জিত হয় তাহা হইলে প্রথমোক্ত রাষ্ট্রে উক্ত মুনাফার উপর করারোপণ করা যাইতে পারে, তবে উক্ত অপর রাষ্ট্রে অনুরূপ আয়ের উপর যে কোন কর ধার্য করা হইবে উহার শতকরা পঞ্চাশ ভাগের সমপরিমাণ অর্থ হ্রাস করা হইবে।

৩। যদি জাহাজ পরিচালনাকারী উদ্যোগের কার্যকর ব্যবস্থাপনার স্থান জাহাজেই অবস্থিত হয়, সেইক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্বদেশ পোতাশ্রয় অবস্থিত সেই রাষ্ট্রে উহা অবস্থিত বলিয়া গণ্য হইবে অথবা যদি স্বদেশ পোতাশ্রয় না থাকে তাহা হইলে চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে জাহাজের চালক নিবাসী সেই রাষ্ট্রে অবস্থিত বলিয়া গণ্য হইবে।

৪। দফা ১ ও ২ এর বিধানাবলী কোন পুল, যৌথ ব্যবসা অথবা আন্তর্জাতিকভাবে পরিচালিত এজেন্সিতে এরূপ উদ্যোগসমূহের অংশগ্রহণের ফলে অর্জিত মুনাফার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ-৯

সহযোগী প্রতিষ্ঠান

যেস্কেত্রে :

- (ক) চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ বা মূলধনে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশগ্রহণ করে; অথবা
- (খ) একই ব্যক্তিবর্গ চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগের এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন উদ্যোগের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ অথবা মূলধন যুগপৎভাবে অংশ গ্রহণ করে;

এবং উভয় ক্ষেত্রে যদি ২টি উদ্যোগের মধ্যে বাণিজ্যিক ও আর্থিক সম্পর্কের কারণে উহাদের মধ্যে এইরূপ শর্ত আরোপিত থাকে যাহা উহারা স্বতন্ত্র উদ্যোগ হিসাবে কাজ করিলে একইরূপ হইত না সেই ক্ষেত্রে কোন একটি উদ্যোগের যদি ঐ শর্তসমূহের জন্য অর্জিত হয় নাই কিন্তু শর্তসমূহ না থাকিলে অর্জিত হইত এইরূপ মুনাফাকে ঐ উদ্যোগের মুনাফার অন্তর্ভুক্ত করা যাইবে এবং সেই অনুযায়ী করারোপণ করা যাইবে।

অনুচ্ছেদ-১০

লভ্যাংশ

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসীকে প্রদত্ত লভ্যাংশের উপর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কর আরোপ করা যাইবে।

২। এরূপ লভ্যাংশের উপর কর যে কোন কোম্পানী লভ্যাংশ প্রদান করিতেছে তাহা চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী এবং ঐ রাষ্ট্রের আইনানুযায়ী সেই রাষ্ট্রেও আরোপ করা যাইতে পারে। কিন্তু গ্রহীতা যদি লভ্যাংশের সুবিধাভোগের মালিক হন তবে আরোপিত ঐ করের পরিমাণ অতিক্রম করিবে না :

- (ক) মোট লভ্যাংশের ১০ শতাংশ যদি সুবিধাভোগের মালিক একটি কোম্পানী (অংশীদারী কারবার ব্যতীত) হয় যাহা লভ্যাংশ প্রদানকারী কোম্পানীর মূলধনের কমপক্ষে ২০ শতাংশ সরাসরি ধারণ করে;
- (খ) অন্যান্য সকল ক্ষেত্রে মোট লভ্যাংশের ১৫ শতাংশ।

এই দফা কোম্পানীর আয় যাহা হইতে লভ্যাংশ প্রদান করা হইয়াছে তাহার উপর করারোপণকে প্রভাবিত করিবে না।

৩। এই অনুচ্ছেদে বর্ণিত “লভ্যাংশ” বলিতে শেয়ার, মাইনিং শেয়ার, পাউডারস শেয়ার অথবা ঋণের দাবী ব্যতীত অন্যান্য অধিকার, মুনাফায় অংশগ্রহণ এবং অন্যান্য কর্পোরেট অধিকার হইতে প্রাপ্ত আয়কে বুঝাইবে যাহার উপর উক্ত আয় বিতরণকারী কোম্পানী চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী সেই রাষ্ট্রের আইনানুসারে শেয়ার আয়ের উপর যদ্রূপ করারোপণ করা হয় তদ্রূপ করারোপণযোগ্য।

৪। লভ্যাংশের সুবিধাভোগের অধিকারী যদি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে লভ্যাংশ প্রদানকারী কোম্পানীটি নিবাসী, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন অথবা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী ঘাটির মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং যে হোল্ডিং-এর বদৌলতে উক্ত লভ্যাংশ প্রদান করা হয় তাহা যদি কার্যকরীভাবে সেখানে অবস্থিত স্থায়ী প্রতিষ্ঠান বা স্থায়ী ঘাটির সহিত সংশ্লিষ্ট হয় তাহা হইলে এই অনুচ্ছেদের ১ এবং ২ দফার বিধানাবলী প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে, অনুচ্ছেদ ৭ অথবা অনুচ্ছেদ ১৪ এর বিধানাবলী বিষয় অনুযায়ী প্রযোজ্য হইবে।

৫। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানী চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে কোন মুনাফা বা আয় লাভ করিলে, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে, উক্ত কোম্পানী কর্তৃক প্রদত্ত লভ্যাংশের উপর কোন কর আরোপ নাও করিতে পারেন, তবে উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসীকে প্রদত্ত লভ্যাংশের ক্ষেত্রে কিংবা যে হোল্ডিং এর ব্যাপারে লভ্যাংশ প্রদান করা হয় সেই হোল্ডিং উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠান বা স্থায়ী ঘাটির সংগে কার্যকরীভাবে সম্পর্কিত থাকার ক্ষেত্রে ইহার ব্যতিক্রম হইবে, যদিও প্রদত্ত লভ্যাংশ বা অবন্টনকৃত মুনাফা সম্পূর্ণ বা আংশিকভাবে উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অর্জিত হইয়া থাকে তবু কোম্পানীর উক্ত অবন্টনকৃত মুনাফার উপর কোন কর আরোপ করা হইবে না।

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে লব্ধ সুদ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসীকে প্রদান করা হইলে উহার উপর চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপণ করা যাইতে পারে।

২। এরূপ সুদ চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে লব্ধ হয় সেই রাষ্ট্রের আইনানুযায়ী সেই রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে, কিন্তু গ্রহিতা যদি উক্ত সুদের সুবিধাভোগের অধিকারী হন তাহা হইলে অনুরূপভাবে ধার্যকৃত করের পরিমাণ মোট সুদের শতকরা ১০ ভাগের অধিক হইবে না।

৩। দফা ২ এ যাহাই বর্ণিত থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে সুদ উদ্ভূত হইলে এবং তাহা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসী যিনি উহার সুবিধাভোগের অধিকারী তাহাকে প্রদান করা হইলে উক্ত সুদ প্রথমোক্ত রাষ্ট্রে কর হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে, যদি ইহা প্রদান করা হয় :

- (ক) অর্ধায়ন চুক্তির বলে অথবা শিল্প, বাণিজ্য বা বৈজ্ঞানিক সরঞ্জাম বিক্রয় বা গণপূর্তসহ শিল্প, বাণিজ্য বা বৈজ্ঞানিক স্থাপনা নির্মাণে পরিশোধে বিলম্ব সম্পৃক্ত চুক্তির বলে;
- (খ) চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রকে বা উহার কোন রাজনৈতিক বিভাগকে বা উহার কোন স্থানীয় কর্তৃপক্ষকে।

৪। এই অনুচ্ছেদে বর্ণিত “সুদ” বলিতে বন্ধকের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত হউক বা না হউক এবং ঋণ গ্রহীতার মুনাফায় অংশগ্রহণের অধিকার থাকুক বা না থাকুক, এরূপ সকল প্রকার ঋণ দাবী হইতে অর্জিত আয়, এবং বিশেষ করিয়া সরকারী সিকিউরিটি, বন্ড বা ডিবেঞ্চারের সহিত সংশ্লিষ্ট প্রিমিয়াম ও পুরস্কারসহ সিকিউরিটি, বন্ড বা ডিবেঞ্চার হইতে অর্জিত আয়কে বুঝাইবে। এই অনুচ্ছেদের বিষয়াবলীতে সুদ বলিতে পরিশোধে বিলম্ব হওয়ার কারণে আরোপিত জরিমানামূলক চার্জসমূহ অন্তর্ভুক্ত হইবে না।

৫। সুদের সুবিধাভোগের অধিকারী, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া, চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে যেখানে সুদ উদ্ভূত হইয়াছে, সেখানে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন অথবা সেখানে অবস্থিত কোন স্থায়ীঘাটির মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং সে ঋণ দাবীর কারণে সুদ প্রদত্ত হইয়াছে তাহা যদি কার্যকরীভাবে সেখানে অবস্থিত স্থায়ী প্রতিষ্ঠান বা স্থায়ী ঘাটির সহিত সংশ্লিষ্ট হয় তাহা হইলে এই অনুচ্ছেদের ১, ২ এবং ৩ দফার বিধানাবলী প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ অথবা অনুচ্ছেদ ১৪ এর বিধানাবলী বিষয় অনুযায়ী প্রযোজ্য হইবে।

৬। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে সুদ আয় তখনই উদ্ভূত হইয়াছে গণ্য হইবে যখন পরিশোধকারী ঐ রাষ্ট্রের একজন নিবাসী। যেক্ষেত্রে, যে ব্যক্তি সুদ পরিশোধ করিতেছেন তিনি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হন বা না হন, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে তাহার কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকিলে যাহা যে ঋণ-দায়ের বিপরীতে উক্ত সুদ পরিশোধ করা হইয়াছে তাহা সৃষ্টি হওয়ার সংগে জড়িত এবং ঐ সুদ ঐ স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র বহন করিলে, সেক্ষেত্রে ঐ সুদ চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র অবস্থিত সেই রাষ্ট্রে উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৭। যেক্ষেত্রে, সুদ পরিশোধকারী ও সুদ লাভের অধিকারীর মধ্যে অথবা তাহাদের উভয়ের এবং অপর কোন ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্ক হেতু প্রদত্ত সুদের পরিমাণ, যে ঋণ দাবী বাবদ সুদ প্রদান করা হয় তৎপ্রতি লক্ষ্য রাখিয়া এইরূপ সম্পর্কের অবর্তমানে উক্ত সুদ পরিশোধকারী ও সুদ লাভের অধিকারী যে পরিমাণ সুদ প্রদানে সম্মত হইতেন তদপেক্ষা অধিক হয়, সেক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলী কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এরূপ ক্ষেত্রে, উক্ত পরিশোধের অতিরিক্ত অংশটুকু চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের আইনানুযায়ী, এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি যথাযথ লক্ষ্য রাখিয়া, করযোগ্য হইবে।

অনুচ্ছেদ-১২

রয়্যালটি

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে অর্জিত রয়্যালটি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোন নিবাসীকে প্রদান করা হইলে উক্ত রয়্যালটি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। এরূপ রয়্যালটি চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে উদ্ভূত হয় সেই রাষ্ট্রের আইন অনুযায়ী তাহা সেই রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে, কিন্তু গ্রহিতা যদি রয়্যালটির সুবিধা লাভের অধিকারী হয় তাহা হইলে এইরূপ ধার্যকৃত কর রয়্যালটির মোট পরিমাণের শতকরা ১০ ভাগের অধিক হইবে না।

৩। এই অনুচ্ছেদে বর্ণিত "রয়্যালটি" বলিতে যে কোন প্রকার পরিশোধকে বুঝাইবে যাহা সিনেম্যাটোগ্রাফ ফিল্মসহ কোন সাহিত্য, শৈল্পিক বা বৈজ্ঞানিক গ্রন্থস্বত্ব, কোন পেটেন্ট, ট্রেড মার্ক, নকসা বা মডেল, পরিকল্পনা, গোলপন ফর্মুলা বা প্রক্রিয়া ব্যবহার বা ব্যবহারের অধিকারের বিনিময় হিসাবে অথবা শিল্প, বাণিজ্য বা বিজ্ঞান বিষয়ক তথ্যের বিনিময় হিসাবে প্রাপ্ত।

৪। রয়্যালটির সুবিধা লাভের অধিকারী চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে সে রাষ্ট্রে ব্যবসা পরিচালনা করিলে অথবা সেখানে স্থাপিত কোন নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে সে রাষ্ট্রে স্বতন্ত্র ব্যক্তিগত কার্যাদি পরিচালনা করিলে এবং সেখানে রয়্যালটি উদ্ভূত হইলে এবং যে অধিকার বা সম্পত্তি বাবদ উক্ত রয়্যালটি প্রদান করা হয় তাহা উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত কার্যকরভাবে সম্পর্কযুক্ত হইলে দফা ১ ও ২ এর বিধানাবলী প্রযোজ্য হইবে না। এরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ বা অনুচ্ছেদ ১৪ এর বিধানাবলী বিষয় অনুযায়ী প্রযোজ্য হইবে।

৫। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে রয়্যালটি তখনই উদ্ধৃত হইয়াছে গণ্য হইবে যখন রয়্যালটির পরিশোধকারী ঐ রাষ্ট্রের নিবাসী হন। তবে রয়্যালটি পরিশোধকারী ব্যক্তি চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের নিবাসী হউন বা না হউন, চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রে যদি তাহার কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকে এবং যাহার ব্যাপারে রয়্যালটি প্রদানের বাধ্যবাধকতা উদ্ধৃত হইয়াছে এবং রয়্যালটি ঐ প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রকে বহন করিতে হয়, তাহা হইলে উক্ত রয়্যালটি চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রে উদ্ধৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে যে রাষ্ট্রে উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র অবস্থিত।

৬। যে ক্ষেত্রে রয়্যালটি প্রদানকারী ও রয়্যালটির সুবিধা লাভের অধিকারীর মধ্যে অথবা তাহাদের উভয়ের ও অপর কোন ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্কহেতু রয়্যালটির ব্যবহার, অধিকার অথবা যে তথ্য বাবদ রয়্যালটি প্রদত্ত হয় তাহার প্রতি লক্ষ্য রাখিয়া প্রদত্ত রয়্যালটির পরিমাণ, এইরূপ সম্পর্কের অবর্তমানে উক্ত রয়্যালটি প্রদানকারী এবং তাহার সুবিধা লাভের অধিকারীর সম্মতিক্রমে স্থিরকৃত পরিমাণ অপেক্ষা অধিক হয়, সেই ক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলী কেবলমাত্র শেযোক্ত পরিমাণের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে প্রদত্ত রয়্যালটির অতিরিক্ত অংশ এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি যথাযথ গুরুত্ব প্রদানপূর্বক চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের নিজ নিজ আইন অনুযায়ী করযোগ্য হইবে।

অনুচ্ছেদ-১৩

মূলধনী মুনাফা

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসীর অনুচ্ছেদ ৬ এ বর্ণিত ও চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত স্থাবর সম্পত্তি হস্তান্তরের ফলে মুনাফা অর্জিত হইলে তাহা উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

২। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগের মালিকানাধীন চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের কারবারী সম্পত্তির অংশ-বিশেষ এমন অস্থাবর সম্পত্তি অথবা ব্যক্তিগত পেশাগত কার্যাদি সম্পাদনের উদ্দেশ্যে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসীর ব্যবহারের জন্য চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন নির্দিষ্ট কেন্দ্র সংশ্লিষ্ট কোন অস্থাবর সম্পত্তি হস্তান্তর বাবদ প্রাপ্ত মূলধনী মুনাফা, উক্ত স্থায়ী প্রতিষ্ঠান, এককভাবে বা সমগ্র উদ্যোগ একত্রে, অথবা এইরূপ নির্দিষ্ট কেন্দ্র হস্তান্তর বাবদ প্রাপ্ত অনুরূপ মুনাফা উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

৩। আন্তর্জাতিক পরিবহনে পরিচালিত জাহাজ বা বিমান বা এইরূপ জাহাজ বা বিমান পরিবহনের সহিত সংশ্লিষ্ট অস্থাবর সম্পত্তি হস্তান্তরের ফলে প্রাপ্ত মূলধনী মুনাফা চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রে করযোগ্য হইবে যে রাষ্ট্রে উক্ত উদ্যোগের কার্যকরী ব্যবস্থাপনার স্থান অবস্থিত।

৪। কোন কোম্পানী তাহার সম্পদ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মূলতঃ চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে অবস্থিত স্থাবর সম্পত্তি দ্বারা সংগঠিত তাহার মূলধনী স্টকের শেয়ার হস্তান্তর বাবদ প্রাপ্ত মূলধনী মুনাফা উক্ত সম্পদ যে রাষ্ট্রে অবস্থিত সেই রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

৫। দফা ১, ২, ৩ ও ৪ এ বর্ণিত সম্পত্তি ব্যতীত অন্য কোন সম্পত্তি হস্তান্তরের ফলে প্রাপ্ত মূলধনী মুনাফা, সম্পত্তি হস্তান্তরকারী চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী কেবল সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে।

অনুচ্ছেদ-১৪

স্বতন্ত্র ব্যক্তিগত কার্যাদি

১। পেশাগত কার্যাদি অথবা স্বতন্ত্র ধরনের অন্যান্য কার্যাবলী বাবদ চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক অর্জিত আয় কেবলমাত্র উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে। তবে নিম্নবর্ণিত যে কোন একটি অবস্থার প্রেক্ষিতেই কোন ব্যক্তির অনুরূপ আয় চুক্তির সম্পাদনকারী অপর রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে :

- (ক) যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে তাহার কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে তাহার নিয়মিত ব্যবহার্য কোন নির্দিষ্ট কেন্দ্র থাকে তবে সে ক্ষেত্রে আয়ের যতটুকু অংশ ঐ নির্দিষ্ট কেন্দ্রের সহিত সম্পর্কযুক্ত কেবলমাত্র ততটুকু চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে; অথবা
- (খ) যদি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সংশ্লিষ্ট অর্থ বছরে শুরু বা শেষ হয় এইরূপ ১২ মাস সময় ব্যাপ্তিতে তাহার অবস্থান সাকুল্যে ১৮৩ বা ততোধিক দিন হয় তাহা হইলে আয়ের যে অংশটুকু চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে পরিচালিত কার্যক্রমের সংগে জড়িত শুধুমাত্র সেই অংশটুকুই চুক্তি সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

২। “পেশাগত কার্যাদি” বলিতে বিশেষভাবে বিজ্ঞান, সাহিত্য, শিল্প, শিক্ষা অথবা শিক্ষাদান বিষয়ক স্বতন্ত্র কার্যাদি বুঝাইবে এবং চিকিৎসক, আইনজীবী, প্রকৌশলী, স্থপতি, দস্তচিকিৎসক ও হিসাবরক্ষক এর স্বতন্ত্র কার্যাবলীও ইহার অন্তর্ভুক্ত হইবে।

অনুচ্ছেদ-১৫

নির্ভরশীল ব্যক্তিগত কার্যাদি

১। ১৬, ১৮ এবং ১৯ অনুচ্ছেদের বিধানাবলী সাপেক্ষে, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক সম্পাদিত কর্ম বাবদ প্রাপ্ত বেতন, মজুরী ও অনুরূপ অন্যান্য পারিশ্রমিক উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে যদি উক্ত কর্ম চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত না হয়। যদি উক্ত কর্ম অনুরূপভাবে সম্পাদিত হয় তাহা হইলে উহা হইতে অর্জিত পারিশ্রমিক চুক্তি সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রেই করযোগ্য হইবে।

২। দফা ১ এর বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত কোন কর্মবাবদ প্রাপ্ত পারিশ্রমিক কেবলমাত্র প্রথমোক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি :

- (ক) প্রাপক চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সংশ্লিষ্ট অর্থ বৎসরে শুরু বা শেষ হয় এইরূপ ১২ মাস সময় ব্যাপ্তিতে একবারে বা সাকুল্যে অনধিক ১৮৩ দিন অবস্থান করেন; এবং
- (খ) উক্ত অপর রাষ্ট্রের নিবাসী নহেন এইরূপ কোন নিয়োগকর্তা কর্তৃক অথবা তাহার পক্ষে উক্ত পারিশ্রমিক প্রদান করা হয়; এবং
- (গ) নিয়োগকর্তার মালিকানাধীন চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র কর্তৃক পারিশ্রমিক বহন করা না হয়।

৩। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, আন্তর্জাতিক পরিবহনে কোন উদ্যোগ কর্তৃক পরিচালিত কোন জাহাজ বা বিমানে সম্পাদিত কার্যাদি হইতে অর্জিত পারিশ্রমিক চুক্তি সম্পাদনকারী সেই রাষ্ট্রেই করযোগ্য হইবে যেই রাষ্ট্রে উক্ত উদ্যোগের কার্যকরী ব্যবস্থাপনার স্থান অবস্থিত।

অনুচ্ছেদ-১৬

পরিচালকের ফিস

চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসী কর্তৃক তাহার যোগ্যতা বলে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোন কোম্পানীর পরিচালকমণ্ডলীর সদস্যরূপে অর্জিত পরিচালকের ফিস বা অনুরূপ অর্থ চুক্তি সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রে করযোগ্য হইতে পারে।

অনুচ্ছেদ-১৭

শিল্পী ও ক্রীড়াবিদ

১। ১৪ ও ১৫ অনুচ্ছেদের বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তিসম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক নাট্য, চলচ্চিত্র, বেতার বা টেলিভিশন শিল্পী, কিংবা সংগীতজ্ঞের ন্যায় চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ হিসাবে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত তাহার ব্যক্তিগত কার্যাবলী ও ক্রীড়াকলাপ প্রদর্শনের মাধ্যমে অর্জিত আয় চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রেই করযোগ্য হইতে পারে।

২। যে ক্ষেত্রে কোন চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ কর্তৃক ব্যক্তিগত ক্রীড়ানৈপুণ্য প্রদর্শনের বিনিময় হিসাবে আয় তাহার প্রতি উদ্ভূত না হইয়া অন্য কোন ব্যক্তির প্রতি উদ্ভূত হয় সে ক্ষেত্রে উক্ত আয় ৭. ১৪ ও ১৫ অনুচ্ছেদের বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি সম্পাদনকারী যে রাষ্ট্রে

চিত্তবিনোদনকারী কিংবা ক্রীড়াবিদের অনুরূপ ক্রীড়া নৈপুণ্য প্রদর্শিত হয় সেই রাষ্ট্রে করযোগ্য হইবে। যদি ইহা প্রতিষ্ঠিত হয় যে চিত্তবিনোদনকারী বা ক্রীড়াবিদ নিজে অথবা তাহার সহিত সম্পর্কযুক্ত ব্যক্তিগণ কেউই ঐরূপ ব্যক্তির মুনাফায় প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করে না তাহা হইলে এই দফার বিধানাবলী প্রযোজ্য হইবে না।

৩। চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের কোন চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ এর নৈপুণ্য প্রদর্শনের মাধ্যমে লব্ধ আয় যাহা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রধানতঃ চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্র কিংবা উহার কোন রাজনৈতিক উপ-বিভাগ বা কোন স্থানীয় কর্তৃপক্ষের পাবলিক ফাণ্ড হইতে অর্জিত হয় তাহার ক্ষেত্রে দফা ১ ও ২ এর বিধানাবলী প্রযোজ্য হইবে না।

অনুচ্ছেদ-১৮

অবসর ভাতা

১৯ অনুচ্ছেদের দফা ২ এর বিধানাবলী সাপেক্ষে, চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসীকে চাকুরী শেষে অতীত চাকুরীর বিবেচনায় প্রদত্ত অবসর ভাতা ও অনুরূপ অন্যান্য ভাতাদি কেবল চুক্তি সম্পাদনকারী উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

অনুচ্ছেদ-১৯

সরকারী চাকুরী

১। (ক) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র বা ঐ রাষ্ট্রের কোন রাজনৈতিক উপ-বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষ উক্ত রাষ্ট্র বা উপ-বিভাগ বা কর্তৃপক্ষকে সেবা প্রদানের বিনিময়ে কোন ব্যক্তিকে বেতন, মজুরী এবং অনুরূপ অন্যান্য ভাতা, অবসর ভাতা ব্যতীত, প্রদান করিলে তাহা কেবলমাত্র ঐ রাষ্ট্রেই করযোগ্য হইবে।

(খ) যাহা হউক, এইরূপ বেতন, মজুরী এবং অনুরূপ অন্যান্য ভাতা কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে যদি চাকুরী উক্ত অপর রাষ্ট্রে হয় এবং উক্ত ব্যক্তি চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হন যিনি :

(র) ঐ রাষ্ট্রের নাগরিক; অথবা

(রর) শুধুমাত্র চাকুরীর কারণে ঐ রাষ্ট্রের নাগরিক হতে পারেননি।

২। (ক) চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র অথবা উহার কোন রাজনৈতিক উপ-বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষে চাকুরীর কারণে উক্ত রাষ্ট্র বা উপ-বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অথবা উহার দ্বারা তৈরী তহবিল হইতে পরিশোধিত অবসর ভাতা কেবলমাত্র ঐ রাষ্ট্রেই করযোগ্য হইবে।

(খ) যাহা হউক, এইরূপ অবসর ভাতা কেবলমাত্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রেই করযোগ্য হইবে যদি উক্ত ব্যক্তি ঐ রাষ্ট্রের নিবাসী এবং নাগরিক হন।

৩। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্র বা ঐ রাষ্ট্রের কোন রাজনৈতিক উপ-বিভাগ বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোন কারবারের সহিত সংশ্লিষ্ট কোন সেবা প্রদানের জন্য প্রদত্ত বেতন, মঞ্জুরী এবং অনুরূপ অন্যান্য ভাতা এবং অবসর ভাতার ক্ষেত্রে অনুচ্ছেদ ১৫, ১৬ এবং ১৮ এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ-২০

ছাত্র ও শিক্ষানবিস

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রে ভ্রমণের অব্যবহিত পূর্বে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে নিবাসী ছিলেন বা আছেন এইরূপ কোন ছাত্র বা ব্যবসায়িক শিক্ষানবিস যিনি প্রথমোক্ত রাষ্ট্রে শুধুমাত্র তাহার শিক্ষা বা প্রশিক্ষণের জন্য উপস্থিত আছেন, তিনি তাহার ভরণ পোষণ, শিক্ষা বা প্রশিক্ষণের জন্য কোন অর্থ প্রাপ্ত হইলে সেই অর্থের উপর ঐ রাষ্ট্রে কর আরোপ করা যাইবে না এই শর্তে যে, এইরূপ প্রাপ্ত অর্থ ঐ রাষ্ট্রের বহিঃভূত কোন উৎস হইতে উদ্ভূত হইয়াছে।

২। দফা ১ এ বর্ণিত ছাত্র বা ব্যবসায়িক শিক্ষানবিস কর্তৃক দফা ১ দ্বারা আবৃত নয় এইরূপ কোন নিয়োগ হইতে প্রাপ্ত মঞ্জুরী, বৃত্তি এবং পারিশ্রমিকের ক্ষেত্রে এইরূপ শিক্ষা বা প্রশিক্ষণ সময়কালে তিনি যে দেশ সফর করিতেছেন সেই দেশের নিবাসীদের জন্য করারোপণের ক্ষেত্রে প্রযোজ্য অব্যাহতি, রেয়াত অথবা হ্রাসকৃত পরিমাণের সুবিধাদি প্রাপ্ত হইবেন।

অনুচ্ছেদ-২১

অন্যান্য আয়

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন নিবাসীর আয়ের আইটেমসমূহ যাহা এই চুক্তির পূর্ববর্তী অনুচ্ছেদসমূহে উল্লেখ করা হয় নাই তাহা যেখানেই উদ্ভূত হউক না কেন উক্ত আয় কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

২। দফা ১ এর বিধানাবলী এমন কোন আয়ের উপর প্রযোজ্য হইবে না, অনুচ্ছেদ ৬ এর দফা ২ এ সংজ্ঞায়িত স্থাবর সম্পত্তি হইতে আয় ব্যতীত, যে আয়ের ক্ষেত্রে আয়ের প্রাপক চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোন স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন অথবা উক্ত অপর রাষ্ট্রে অবস্থিত কোন নির্দিষ্ট কেন্দ্র হইতে স্বতন্ত্র ব্যক্তিগত কার্যাদি পরিচালনা করেন এবং যে অধিকার বা সম্পদের জন্য আয় পরিশোধ করা হয় তাহা কার্যকরভাবে ঐ স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সংগে সম্পর্কযুক্ত। এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ অথবা অনুচ্ছেদ ১৪ এর বিধানাবলী বিষয় অনুযায়ী প্রযোজ্য হইবে।

৩। এই অনুচ্ছেদের বিধানাবলী লটারী, ক্রসওয়ার্ড পাজলস, ঘোড় দৌড়, যে কোন ধরণের বা প্রকৃতির তাস খেলা ও অন্য যে কোন খেলা বা জুয়া খেলা বা বেটিং হইতে অর্জিত আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

অনুচ্ছেদ-২২

দৈত করারোপণ পরিহার পদ্ধতি

১। বাংলাদেশের ক্ষেত্রে দৈত করারোপণ নিম্নরূপ পদ্ধতিতে পরিহার করা হইবে :

- (ক) যেক্ষেত্রে বাংলাদেশে নিবাসী কোন ব্যক্তি এইরূপ আয় অর্জন করেন যাহা এই চুক্তির বিধানাবলী অনুসারে সুইজারল্যান্ডে করযোগ্য হইতে পারে সেইক্ষেত্রে উক্ত নিবাসী ব্যক্তির সুইজারল্যান্ডে প্রদত্ত আয়করের সমপরিমাণ অংক বাংলাদেশে প্রদেয় কর হইতে বিয়োজন করিতে হইবে। যাহা হউক, এইরূপ বিয়োজনের পরিমাণ আয়ের যে অংশের উপর সুইজারল্যান্ডে করারোপিত হইতে পারে বিয়োজনপূর্ব ঐ অংশের জন্য হিসাবকৃত আয়করকে অতিক্রম করিবেনা।
- (খ) যেক্ষেত্রে বাংলাদেশে নিবাসী কোন ব্যক্তির অর্জিত আয় বাংলাদেশের কর প্রদান হইতে অব্যাহতি প্রাপ্ত সেইক্ষেত্রে এই চুক্তির কোন বিধানে যাহা কিছুই বর্ণিত থাকুকনা কেন বাংলাদেশে ঐ নিবাসীর অবশিষ্ট আয়ের উপর আরোপনীয় কর নিরূপণে উক্ত কর অব্যাহতি প্রাপ্ত আয়কে বিবেচনায় নেওয়া যাইতে পারে।

২। সুইজারল্যান্ডের ক্ষেত্রে দৈত করারোপণ নিম্নরূপ পদ্ধতিতে পরিহার করা হইবে :

- (ক) যেক্ষেত্রে সুইজারল্যান্ডে নিবাসী কোন ব্যক্তি এইরূপ আয় অর্জন করেন যাহা এই চুক্তির বিধানাবলী অনুসারে বাংলাদেশে করযোগ্য হইতে পারে সেইক্ষেত্রে উপদফা খ ও গ এর বিধানাবলীর শর্তে সুইজারল্যান্ডে উক্ত আয়কে কর প্রদান হইতে অব্যাহতি প্রদান করা হইবে কিন্তু ঐ নিবাসীর অবশিষ্ট আয়ের উপর আরোপনীয় করের পরিমাণ নিরূপণে কর অব্যাহতি প্রাপ্ত আয় যদি কর অব্যাহতি প্রাপ্ত না হইত তাহা হইলে করের যে হার অনুযায়ী করারোপিত হইত সেই হার প্রয়োগ করা যাইতে পারে। যাহা হউক, অনুচ্ছেদ ১৩ এর দফা ৪ এ বর্ণিত মুনাফার ক্ষেত্রে যদি প্রকৃতপক্ষেই উক্ত মুনাফার উপর বাংলাদেশে করারোপিত হইয়া থাকে তাহা হইলেই কেবল উক্ত অব্যাহতি প্রযোজ্য হইবে।
- (খ) যেক্ষেত্রে সুইজারল্যান্ডে নিবাসী কোন ব্যক্তি বাংলাদেশের অন্তর্ভুক্ত কোন উৎস হইতে মুনাফা অর্জন করে যাহা অনুচ্ছেদ ৮ এর দফা ২ অনুযায়ী বাংলাদেশে করযোগ্য সেইক্ষেত্রে ঐ মুনাফার উপর সুইজারল্যান্ডে আরোপিত কর অর্ধেক হ্রাস পাইবে।

(গ) যেক্ষেত্রে সুইজারল্যান্ডে নিবাসী কোন ব্যক্তি লভ্যাংশ, সুদ বা রয়্যালটি অর্জন করে যাহা অনুচ্ছেদ ১০, ১১ বা ১২ অনুযায়ী বাংলাদেশে করযোগ্য হইতে পারে সেইক্ষেত্রে আবেদনের ভিত্তিতে সুইজারল্যান্ড ঐ নিবাসীকে অব্যাহতি প্রদান করিবে। উক্ত অব্যাহতি নিম্নরূপ হইতে পারে :

(১) ঐ নিবাসীর আয়ের উপর হিসাবকৃত কর হইতে অনুচ্ছেদ ১০, ১১ বা ১২ অনুযায়ী বাংলাদেশে যে পরিমাণ কর আদায় করা হইয়াছে তাহার সমপরিমাণ কর বিয়োজন; এইরূপ বিয়োজনের পরিমাণ, আয়ের যে অংশের উপর বাংলাদেশে করারোপিত হইতে পারে, বিয়োজনপূর্ব আয়ের ঐ অংশের জন্য হিসাবকৃত সুইস করকে অতিক্রম করিবেনা; অথবা

(২) সুইস করের একটি থোক পরিমাণ;

(৩) সুইস কর হইতে ঐ লভ্যাংশ, সুদ বা রয়্যালটির একটি আংশিক অব্যাহতি, তবে যে কোন ক্ষেত্রে অন্ততঃ লভ্যাংশ, সুদ বা রয়্যালটির মোট পরিমাণ হইতে বাংলাদেশে আদায়কৃত কর হ্রাসকরণ। সুইজারল্যান্ড প্রযোজ্য অব্যাহতি নির্ধারণ করিবে এবং দ্বৈত কর পরিহার সংক্রান্ত সুইজ কনফেডারেশনের আন্তর্জাতিক চুক্তিসমূহ পরিপালনের ক্ষেত্রে সুইস বিধানাবলী অনুসারে পদ্ধতি নিয়ন্ত্রণ করিবে।

(ঘ) সুইজারল্যান্ডে নিবাসী কোন কোম্পানী বাংলাদেশে নিবাসী কোন কোম্পানী হইতে লভ্যাংশ অর্জন করিলে ঐ লভ্যাংশের উপর সুইস করের বিষয়ে লভ্যাংশ প্রদানকারী কোম্পানী সুইজারল্যান্ডের নিবাসী হইলে কোম্পানীটি যে পরিমাণ অব্যাহতি প্রাপ্ত হইত তাহার অনুরূপ সুবিধা প্রাপ্য হইবে।

অনুচ্ছেদ-২৩

অবৈষম্য

১। চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের নাগরিকগণ যেরূপ পরিস্থিতিতে, বিশেষতঃ আধিষ্ঠানের কারণে, কোন কর ও তৎসংশ্লিষ্ট প্রয়োজনীয় আওতাধীন হইয়া থাকেন বা হইতে পারেন, সেইরূপ পরিস্থিতিতে চুক্তি সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রের নাগরিকগণ প্রথমোক্ত রাষ্ট্রে ভিন্নতর বা অধিকতর দুর্বহ কোন কর বা তৎসংশ্লিষ্ট কোন প্রয়োজনের আওতাধীন হইবে না। ১ অনুচ্ছেদের বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধান চুক্তি সম্পাদনকারী একটি বা উভয় রাষ্ট্রের নিবাসী নয় এইরূপ ব্যক্তির প্রতিও প্রযোজ্য হইবে।

২। যদি আপত্তিটি উপযুক্ত কর্তৃপক্ষের নিকট ন্যায্যসংগত বলিয়া প্রতীয়মান হয় এবং যদি উক্ত কর্তৃপক্ষ স্বয়ং উহার সুষ্ঠু সমাধানে উপনীত হইতে অপারগ হন তাহা হইলে এই চুক্তির বরখেলাপে আরোপিত কর পরিহারের উদ্দেশ্যে উক্ত চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের সহিত পারস্পরিক চুক্তির মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করার প্রচেষ্টা চালাইবেন।

৩। এই চুক্তির ব্যাখ্যা অথবা প্রয়োগ সম্পর্কে কোন জটিলতা বা সংশয় দেখা দিলে তাহা নিরসনের জন্য চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ পারস্পরিক মতৈক্যের ভিত্তিতে প্রচেষ্টা চালাইবেন। এই চুক্তিতে বিধান করা হয় নাই এইরূপ কোন ক্ষেত্রে দ্বৈতকর পরিহারের উদ্দেশ্যে তাহারা পরস্পর আলাপ আলোচনাও করিতে পারিবেন।

৪। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ পূর্ববর্তী দফাসমূহের আলোকে মতৈক্যে উপনীত হওয়ার উদ্দেশ্যে পরস্পরের সহিত সরাসরি যোগাযোগ করিতে পারিবেন। যখন মতৈক্যে উপনীত হওয়ার উদ্দেশ্যে মৌখিক মত বিনিময় সমীচীন মনে হয় তখন চুক্তি সম্পাদনকারী দেশসমূহের উপযুক্ত কর্তৃপক্ষের প্রতিনিধিগণের সমন্বয়ে গঠিত কমিশনের মাধ্যমে তাহা সংঘটিত হইতে পারে।

অনুচ্ছেদ-২৫

তথ্য বিনিময়

১। চুক্তি সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষগণ এই চুক্তির আওতাভুক্ত করসমূহের বিষয়ে এই চুক্তিতে বর্ণিত বিধানাবলী পরিপালনের জন্য প্রয়োজন এইরূপ তথ্য যাহা তাহাদের নিজ নিজ কর আইনের অধীনে স্বাভাবিক প্রশাসনিক কার্যক্রমের মধ্যে তাহাদের কাছে আছে তাহার বিনিময় করিবেন। এরূপ বিনিময়কৃত যে কোন তথ্য গোপনীয় বলিয়া বিবেচিত হইবে এবং এই চুক্তির আওতাধীন করসমূহের নির্ধারণ ও আদায়ের সংগে জড়িত ব্যক্তিবর্গ ব্যতীত অন্য কাহারও নিকট তাহা প্রকাশ করা যাইবে না। উপরে বর্ণিত তথ্যের মধ্যে কোন ট্রেড, বাবসা, ব্যাংকিং, শিল্প বা পেশাগত গোপনীয়তা বা ব্যবসা সংক্রান্ত পদ্ধতি ফাঁস হইয়া যায় এইরূপ কোন তথ্য বিনিময় করা যাইবে না।

২। কোন অবস্থাতেই এই অনুচ্ছেদের বিধানাবলী চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের উপর ঐ রাষ্ট্রের আইনসমূহ অথবা প্রশাসনিক রীতি বহির্ভূত কোন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা অথবা যাহা ঐ রাষ্ট্রের সার্বভৌমত্ব, নিরাপত্তা বা সরকারী নীতির পরিপন্থী অথবা উক্ত রাষ্ট্রের নিজস্ব আইনে বা যে রাষ্ট্র তথ্যের জন্য আবেদন করিয়াছে সেই রাষ্ট্রের আইনে প্রদানযোগ্য নয় এইরূপ কোন তথ্য সরবরাহের বাধ্যবাধকতা আরোপ করিতেছে বলিয়া ব্যাখ্যা করা যাইবে না।

অনুচ্ছেদ-২৬

কূটনৈতিক ও বাণিজ্যিক দূতাবাসের সদস্যগণ

১। এই চুক্তি কোন কিছু আন্তর্জাতিক আইনের সাধারণ নিয়মাবলী অথবা বিশেষ চুক্তির বিধানাবলীর আওতায় কূটনৈতিক প্রতিনিধি অথবা বাণিজ্যিক দূতাবাসের সদস্যবৃন্দকে প্রদত্ত আর্থিক সুযোগ-সুবিধা ব্যাহত করিবে না।

২। ৪ অনুচ্ছেদে যাহাই বর্ণিত থাকুক না কেন, কোন একক ব্যক্তি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন কূটনৈতিক মিশন, বাণিজ্যিক দূতাবাস বা স্থায়ী মিশন যাহা চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে বা তৃতীয় কোন রাষ্ট্রে অবস্থিত তাহার সদস্য হইলে এই চুক্তির বিধানাবলীর ক্ষেত্রে উক্ত ব্যক্তি প্রেরণকারী রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন যদি :

(ক) আন্তর্জাতিক আইনানুযায়ী তিনি চুক্তি সম্পাদনকারী গ্রহণকারী রাষ্ট্রে ঐ রাষ্ট্রের বহির্ভূত কোন উৎস হইতে অর্জিত আয়ের উপর কর আরোপ হওয়ার দায়যুক্ত না হন; এবং

(খ) তিনি প্রেরণকারী রাষ্ট্রে তাহার মোট আয়ের উপর ঐ রাষ্ট্রের নিবাসীগণের উপর যেরূপ কর আরোপ করা হয় অনুরূপ কর আরোপ হওয়ার দায়যুক্ত।

৩। চুক্তি সম্পাদনকারী একক রাষ্ট্রে অবস্থিত এবং আয়করের বিষয়ে চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্রের নিবাসী হিসাবে গণ্য হয় না এমন কোন আন্তর্জাতিক প্রতিষ্ঠান; আন্তর্জাতিক প্রতিষ্ঠানের অংগ প্রতিষ্ঠান বা চাকুরীজীবী এবং তৃতীয় কোন রাষ্ট্রের কূটনৈতিক মিশন, বাণিজ্যিক দূতাবাস বা স্থায়ী মিশনের সদস্য কোন ব্যক্তির ক্ষেত্রে এই চুক্তিটি প্রযোজ্য হবে না।

অনুচ্ছেদ-২৭

বলবৎ হওয়া

১। এই চুক্তিটি অনুমোদিত হইবে এবং এইরূপ অনুমোদনের দলিল যথাসম্ভব দ্রুততার সংগে বিনিময় হইবে।

২। অনুমোদনের দলিল বিনিময়ের সাথে সাথে চুক্তিটি বলবৎ হইবে এবং ইহার বিধানাবলী নিম্নরূপভাবে কার্যকর হইবে :

(ক) বাংলাদেশে, যে বৎসরে চুক্তিটি বলবৎ হয় সেই বৎসরের ১ জুলাই বা তৎপরবর্তীতে শুরু হওয়া যে কোন অর্থবর্ষে উদ্ভূত আয়ের ক্ষেত্রে ; এবং

(খ) সুইজারল্যান্ডে, যে বৎসরে চুক্তিটি বলবৎ হয় সেই বৎসরের ১ জানুয়ারী বা তৎপরবর্তীতে শুরু হওয়া যে কোন অর্থবর্ষে উদ্ভূত আয়ের ক্ষেত্রে ;

অনুচ্ছেদ-২৮

অবসান

চুক্তি সম্পাদনকারী কোন রাষ্ট্র কর্তৃক অবসান না ঘটানো পর্যন্ত এই চুক্তি বলবৎ থাকিবে। চুক্তি সম্পাদনকারী যে কোন রাষ্ট্র চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রকে কূটনৈতিক কর্তৃপক্ষের মাধ্যমে কোন পঞ্জিকা বর্ষের ৩০ জুনের মধ্যে অবসানের লিখিত নোটিশ দ্বারা চুক্তির অবসান ঘটাইতে পারিবে। এইরূপ ক্ষেত্রে চুক্তির কার্যকারিতা নিম্নরূপভাবে রহিত হইবে :

- (ক) বাংলাদেশে, যে পঞ্জিকাবর্ষে উক্ত অবসানের নোটিশ প্রদান করা হয় তাহার পরবর্তী বৎসরের ১ জুলাই বা তৎপরবর্তীতে শুরু হওয়া যে কোন অর্থবর্ষে উদ্ভূত আয়ের ক্ষেত্রে ; এবং
- (খ) সুইজারল্যান্ডে, যে পঞ্জিকাবর্ষে উক্ত অবসানের নোটিশ প্রদান করা হয় তাহার পরবর্তী বৎসরের ১ জানুয়ারী বা তৎপরবর্তীতে শুরু হওয়া যে কোন অর্থবর্ষে উদ্ভূত আয়ের ক্ষেত্রে ;

এই চুক্তির সাক্ষী স্বরূপ এতদ্বিষয়ে নিম্ন স্বাক্ষরকারীগণ তাহাদের নিজ নিজ সরকার কর্তৃক যথাযথভাবে ক্ষমতা প্রাপ্ত হইয়া এই চুক্তি স্বাক্ষর করিয়াছেন।

এই চুক্তি ইংরেজী, বাংলা এবং জার্মান ভাষায় প্রতিটি মূল দুই প্রস্থে সম্পাদিত এবং অদ্য ২০০৭ সালের ডিসেম্বর মাসের ১০ তারিখে ঢাকায় স্বাক্ষরিত যাহার তিনটি পাঠই সমভাবে নির্ভরযোগ্য। তবে, ব্যাখ্যার ক্ষেত্রে কোনরূপ মতানৈক্য দেখা দিলে ইহার ইংরেজী পাঠই প্রাধান্য পাইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে,

সুইস কনফেডারেশনের পক্ষে

মোহাম্মদ আবদুল মজিদ

সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা।

ডোরা র্যাপশ

রাষ্ট্রদূত

সুইজারল্যান্ড দূতাবাস

ঢাকা, বাংলাদেশ।

প্রটোকল

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং সুইস কনফেডারেশনের মধ্যে আয়করের ক্ষেত্রে দ্বৈত কর আরোপণ পরিহার সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের দিনে নিম্ন স্বাক্ষরকারীগণ সম্মত হইয়াছেন যে, নিম্নলিখিত বিধানাবলী এই চুক্তির অবিচ্ছেদ্য অংশ হিসাবে গণ্য হইবে :

২। অনুচ্ছেদ-৭ প্রসঙ্গে :

অনুচ্ছেদ ৭ এর দফা ১ ও ২ এর ক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ঐ রাষ্ট্রে চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্রের কোন উদ্যোগ দ্রব্য বা পণ্য সামগ্রী বিক্রয় করিলে বা ব্যবসা পরিচালনা করিলে, ঐ স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা ঐ উদ্যোগ কর্তৃক গৃহীত মোট পরিমাণের ভিত্তিতে নির্ণিত হইবে না। তবে, ঐ বিক্রয় বা ব্যবসার জন্য স্থায়ী প্রতিষ্ঠানের প্রকৃত কার্যক্রম এর সংগে মোট গ্রহণের যতটুকু অংশ জড়িত তাহার ভিত্তিতে নির্ণিত হইবে।

জরীপ, সরবরাহ, শিল্প, বাণিজ্যিক বা বৈজ্ঞানিক সরঞ্জাম বা প্রেমিস এর স্থাপন বা নির্মাণ অথবা গণপূর্ত সংক্রান্ত কোন চুক্তির ক্ষেত্রে যখন কোন উদ্যোগের কোন স্থায়ী প্রতিষ্ঠান থাকে তখন ঐ স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা ঐ চুক্তির মোট পরিমাণের ভিত্তিতে নির্ণিত হইবে না। তবে, ঐ স্থায়ী প্রতিষ্ঠানটি চুক্তিটির যতটুকু অংশ উহা যে রাষ্ট্রে অবস্থিত সে রাষ্ট্রে কার্যকরীভাবে সম্পন্ন করিয়াছে তাহার ভিত্তিতে নির্ণিত হইবে।

চুক্তির যে অংশ উদ্যোগের প্রধান কার্যালয় কর্তৃক পরিচালিত হয় তাহার সহিত সংশ্লিষ্ট মুনাফা উদ্যোগটি যে রাষ্ট্রে নিবাসী শুধুমাত্র সেই রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। অনুচ্ছেদ-৭ ও ১২ প্রসঙ্গে :

একমত হওয়া গেল যে, শিল্প, বাণিজ্য বা বৈজ্ঞানিক সরঞ্জামাদি ব্যবহার বা ব্যবহারের অধিকারের বিনিময়ে প্রাপ্ত কোন পরিশোধ অনুচ্ছেদ ৭ এ বর্ণিত ব্যবসায়িক মুনাফার অন্তর্ভুক্ত হইবে।

৩। অনুচ্ছেদ-১২ প্রসঙ্গে :

বাংলাদেশ এবং তৃতীয় কোন রাষ্ট্রের মধ্যে এই চুক্তি স্বাক্ষরের পরে কোন তারিখে দ্বৈত করারোপ পরিহার সংক্রান্ত কোন চুক্তি হইলে অথবা অনুরূপ কোন চুক্তির সংশোধন হইলে সে ক্ষেত্রে যদি বাংলাদেশ বাংলাদেশে উদ্ভূত রয়্যালটিকে বাংলাদেশ কর হইতে অব্যাহতি প্রদানে সম্মতি জ্ঞাপন করে অথবা দফা ২ এর জন্য প্রদত্ত কর হারের তুলনায় হ্রাসকৃত হারে রয়্যালটির উপর করারোপ করিতে সম্মতি জ্ঞাপন করে তাহা হইলে উক্ত অব্যাহতি বা হ্রাসকৃত হার স্বয়ংক্রীয়ভাবে এই চুক্তিতে কার্যকর হইবে যেন তাহা দফা ২ এ বর্ণিত রহিয়াছে এবং ঐ চুক্তি বা উক্ত সংশোধন, যেটি প্রযোজ্য হয়, তাহার বিধানাবলী যে তারিখে কার্যকর হয় অথবা এই চুক্তি যে তারিখে কার্যকর হয় তাহার মধ্যে যেটি পরে সংঘটিত হয় সেই তারিখ হইতে তাহা কার্যকর হইবে।

৪। অনুচ্ছেদ-১৮ এবং ১৯ প্রসঙ্গে :

একমত হওয়া গেল যে, অনুচ্ছেদ ১৮ ও ১৯ এ বর্ণিত 'অবসর ভাতাদি' এবং 'অবসর ভাতা' বলিতে শুধুমাত্র কিস্তি পরিশোধকেই বুঝাইবে না বরং পোক পরিশোধকেও বুঝাইবে।

এই চুক্তি বাংলা, জার্মান এবং ইংরেজী, ভাষায় প্রতিটি মূল দুই প্রহে সম্পাদিত এবং অদ্য ২০০৭ সালের ডিসেম্বর মাসের ১০ তারিখে ঢাকায় স্বাক্ষরিত যাহার তিনটি পাঠই সমভাবে নির্ভরযোগ্য। তবে, ব্যাখ্যার ক্ষেত্রে কোনরূপ মতানৈক্য দেখা দিলে ইহার ইংরেজী পাঠই প্রাধান্য পাইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে

মোহাম্মদ আবদুল মজিদ

সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

সুইস কনফেডারেশনের পক্ষে

ডোরা র্যাপস

রাষ্ট্রদূত

সুইজারল্যান্ড দূতাবাস

ঢাকা, বাংলাদেশ।

চুক্তি

(English Text)

AGREEMENT

BETWEEN

THE SWISS CONFEDERATION

AND

THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
FOR THE AVOIDANCE OF DOUBLE TAXATION
WITH RESPECT TO TAXES ON INCOME.

THE SWISS FEDERAL COUNCIL

AND

THE GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

DESIRING to conclude an Agreement for the avoidance of double taxation with respect to taxes on income,

HAVE AGREED AS FOLLOWS:

ARTICLE 1**PERSONAL SCOPE**

This Agreement shall apply to persons who are residents of one or both of the Contracting States.

ARTICLE 2**TAXES COVERED**

1. This Agreement shall apply to taxes on income imposed on behalf of a Contracting State or of its political subdivisions or local authorities, irrespective of the manner in which they are levied.
